গাংনীর বাওটে উঠান বৈঠক অনুষ্ঠিত

গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়নের বাওট সোলাইমানী মাধ্যমিক বিদ্যালয় হলরুমে গ্রামের নারীদের নিয়ে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

রাইপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি সামসুজ্জামান মঙ্গলের সভাপতিত্বে অনুষ্ঠিত উঠান বৈঠকে প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর-২ আসনের এমপি পত্নি মোছা: লাইলা আরজুমান বানু।

বাওট গ্রাম আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও বাওট সোলাইমানী মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি সাবেক মেম্বর সাহবুদ্দীনের সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন, গ্রাম আওয়ামীলীগের সভাপতি আব্দুল গনি, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতু, মটমুড়া ইউনিয়ন পরিষদের ৪.৫,৬ নং ওয়ার্ডের মেম্বর শিল্পি খাতুন, সাহারবাটি ইউনিয়ন পরিষদের সংরক্ষিত নারী সদস্য ফেরদৌসী খাতুন প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে লাইলা আরজুমান বানু বলেন, বর্তমান সরকার বিধবা, স্বামী পরিত্যক্তা, বয়স্ক নারীদের জন্য ভাতা চালু করেছেন। সরকার দেশের সকল ক্ষেত্রে উন্নয়ন করে চলেছেন। নারীরা আজ নির্বিঘ্নে রাস্তায় চলাচল করতে পারছেন। তাই সরকারকে আবারও ক্ষমতায় আনতে নারীদের এগিয়ে আসতে হবে। দেশের উন্নয়ন ও অগ্রগতি ধরে রাখতে নৌকা মার্কায় ভোট দিতে হবে।

উঠান বৈঠকে এলাকায় বিভিন্ন শ্রেনীর পেশার নারীরা অংশ নেন।